

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৮, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা  
প্রজ্ঞাপন

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/৫ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৭২-আইন/২০১৭।—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এর উপ-ধারা (৩), ধারা ২০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

- (১) বিধি ৪৩ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত “ফরম-৪” শব্দ, চিহ্ন ও বর্ণের পরিবর্তে “ফরম-৬” শব্দ, চিহ্ন ও বর্ণ প্রতিস্থাপিত হইবে;
- (২) তফসিল-১ এর—
  - (ক) ফরম-ক এর পঞ্চম খণ্ডে উল্লিখিত “জেলা পরিষদের চেয়ারম্যান” শব্দগুলির পরিবর্তে “উপজেলা পরিষদের চেয়ারম্যান” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
  - (খ) ফরম-ক-২ এর—
    - (অ) প্রথম খণ্ডের তৃতীয় অংশে উল্লিখিত—
      - (১) “ভাইস চেয়ারম্যান” শব্দগুলির পরিবর্তে “মহিলা ভাইস চেয়ারম্যান” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
      - (২) “ভাইস চেয়ারম্যানরূপে” শব্দগুলির পরিবর্তে “মহিলা ভাইস চেয়ারম্যানরূপে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

( ৬২০৭ )

মূল্য : টাকা ৪.০০

(আ) পঞ্চম খণ্ডে উল্লিখিত—

“ উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ” ছক ও শব্দগুলির পরিবর্তে “ [ ] উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ” ছক ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) ফরম-গ এর তথ্য বিবরণী এর—

(অ) কলাম ২ এ উল্লিখিত “মনোনয়নপত্র দাখিলকারীর নাম এবং ভোটার নম্বর জাতীয় পরিচয় পত্রের নম্বর” শব্দগুলির পরিবর্তে “মনোনয়নপত্র দাখিলকারীর নাম এবং ভোটার নম্বর বা জাতীয় পরিচয় পত্রের নম্বর” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) কলাম ৩ এ উল্লিখিত “(শুধু চেয়ারম্যান/ভাইস/চেয়ারম্যান/মহিলা ভাইস/ চেয়ারম্যান পদের ক্ষেত্রে প্রযোজ্য)” বন্ধনী, শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “(শুধু চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান পদের ক্ষেত্রে প্রযোজ্য)” বন্ধনী, শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) ফরম-জ-১ এ উল্লিখিত “প্রিজাইডিং অফিসার .....  
ভোটকেন্দ্র” শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “প্রিজাইডিং অফিসার  
.....ভোটকেন্দ্র”  
শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে।

২। নির্বাচন কমিশন সচিবালয়ের বিগত ৭ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩৭৮-আইন/২০১৬ এর ক্রমিক নং (২৩) এর দফা (ঘ) বিলুপ্ত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোহাম্মদ আব্দুল্লাহ  
সচিব